অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
একনেক শাখা-১
www.plandiv.gov.bd

স্মারক: ২০.০০.০০০০.৪১১.১৪.০৫৩.২০-২৪০

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮ / ১২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের বাংলা ও পরিমার্জনকৃত ইংরেজি ফরম্যাট প্রেরণ।

সূত্র: ২০.০০.০০০০.৪১১.১৪.০৫৩.২০-৩৪, তারিখ: ৩১.০১.২০২১।

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্পের জন্য সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ইংরেজি ফরম্যাট ৩১.০১.২০২১ তারিখ জারি করা হয়েছে। উক্ত ফরম্যাটের বাংলা সংস্করণ প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। ফরম্যাটের বাংলা সংস্করণের সাথে সামঞ্জস্য রেখে ইংরেজি ফরম্যাট কিছুটা পরিমার্জন করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। বর্ণিতাবস্থায়, উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের বাংলা ফরম্যাট ও পরিমার্জনকৃত ইংরেজি ফরম্যাট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে বাংলা ০৮ (আট) ও ইংরেজি ০৮ (আট) পৃষ্ঠা।

১২.০৯.২০২১
(নিশাত জাহান)
উপপ্রধান
ফোন: ৯১৮০৮৮৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪. সিনিয়র সচিব/সচিব, ... মন্ত্রণালয়/বিভাগ।
০৫. সদস্য,..বিভাগ,পরিকল্পনা কমিশন।

সদয় অবগতি জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. প্রধান ,...বিভাগ,পরিকল্পনা কমিশন।
০২. যুগ্মপ্রধান এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

------------------ মন্ত্রণালয়/বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সম্ভাব্যতা সমীক্ষা -- (প্রকল্পের/প্রকল্পসমূহের নাম)

________ (মাস) ২০__

সারসংক্ষেপ

সম্ভাব্যতা সমীক্ষার মৌলিক পর্যবেক্ষণ এবং সুপারিশমালার আলোকে সার-সংক্ষেপ উপস্থাপন করতে হবে।

প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন

অনুচ্ছেদ ১: মৌলিক তথ্য

১.	প্রকল্পের নাম (সমীক্ষার ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প)	:	
২.	(ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ (খ) বাস্তবায়নকারী সংস্থা	: :	
৩.	প্রকল্পের উদ্দেশ্যসমূহ (সমীক্ষার ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প)	:	
৪.	প্রকল্পের আনুমানিক ব্যয় (কোটি টাকায়)	:	
৫.	সেক্টর এবং সাব-সেক্টর	:	
৬.	প্রকল্পের ধরন (পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ ভিত্তিতে)	:	
৭.	প্রকল্পের ভৌগলিক অবস্থান (ক) দেশব্যাপী (খ) বিভাগ (গ) জেলা (ঘ) উপজেলা (ঙ) অন্যান্য (সিটি কর্পোরেশন/পৌরসভা)		
৮.	প্রকল্পের মেয়াদ (সমীক্ষার ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প)	:	(ক) আরম্ভ: (খ) সমাপ্ত:

অনুচ্ছেদ ২: ভূমিকা

নিম্নলিখিত বিষয়সমূহ বর্ণনা করতে হবে:

(ক) প্রকল্পের পটভূমি: যৌক্তিকতা এবং সূচনা (সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ করতে হবে);

(খ) সম্ভাব্যতা সমীক্ষার উদ্দেশ্যসমূহ;

(গ) সম্ভাব্যতা সমীক্ষার পদ্ধতি এবং প্রণালী; এবং

(ঘ) সম্ভাব্যতা সমীক্ষার সংগঠন/কাঠামো।

অনুচ্ছেদ ৩: বাজার/চাহিদা বিশ্লেষণ

প্রকল্প বাস্তবায়নে সরকারি খাতে বিনিয়োগের যৌক্তিকতা/প্রয়োজনীয়তাসহ নিম্নবর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্টতা সম্পর্কে উপস্থাপন করতে হবে:

(ক) **সমস্যা চিহ্নিতকরণ:** সমস্যা ও সমস্যার কারণ (প্রত্যক্ষ ও পরোক্ষ) চিহ্নিত করতে হবে এবং তা সমাধানের জন্য একটি সুস্পষ্ট রূপরেখা বর্ণনা করতে হবে। এক্ষেত্রে সরকারি খাতে বিনিয়োগ করা না হলে অর্থাৎ প্রকল্প গ্রহণ করা না হলে সম্ভাব্য ফলাফল (Consequences) সম্পর্কে সংক্ষিপ্তভাবে বর্ণনা করতে হবে।

(খ) **প্রকল্প ধারণার প্রাসঙ্গিকতা:** বৈশ্বিক ও জাতীয় উন্নয়ন পরিকল্পনা/নীতি এবং সংশ্লিষ্ট সেক্টরের কৌশলগত উদ্দেশ্য/লক্ষ্যের সাথে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের (Goals, Outcomes & Outputs) সম্পৃক্ততা (Linkage) উল্লেখ করতে হবে এবং প্রস্তাবিত প্রকল্পের প্রয়োজনীয়তা/যৌক্তিকতা তুলে ধরতে হবে।

(গ) **প্রস্তাবিত প্রকল্পের আওতায় গৃহিতব্য কার্যাবলী:** সমস্যা সমাধানের জন্য প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে যে সকল কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন (এই প্রকল্পের ইনপুটস এবং আউটপুট) তা বর্ণনা করতে হবে। উল্লিখিত সমস্যা সমাধানের জন্য

প্রকল্প বাস্তবায়নকারি সংস্থা কিংবা অন্যান্য সংস্থা কর্তৃক ইতঃপূর্বে গৃহীত কার্যক্রম সম্পর্কে বর্ণনা করতে হবে (যদি থাকে)।

(ঘ) **অংশীজন (স্টেকহোল্ডার):** প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে পরিচালনার সাথে সম্পৃক্ত হতে পারে এ ধরনের অংশীজন চিহ্নিত করতে হবে।

(ঙ) **চাহিদা বিশ্লেষণ:** নিম্ন বর্ণিত বিষয়াদি বিস্তারিত পর্যালোচনাপূর্বক সরকারি খাতে বিনিয়োগের প্রয়োজনীয়তা সম্পর্কে উল্লেখ করতে হবে:

(i) বর্তমান চাহিদা (বিভিন্ন ধরণের ব্যবহারকারীর জন্য পরিষেবা সরবরাহকারী/নিয়ন্ত্রক সংস্থা/মন্ত্রণালয়/জাতীয় ও আঞ্চলিক পরিসংখ্যান অফিস হতে সরবাহকৃত পরিসংখ্যানের ভিত্তিতে);

(ii) প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হলে এবং গ্রহণ করা না হলে উভয় পরিস্থিতিতে (নির্ভরযোগ্য মডেলের উপর ভিত্তি করে) ভবিষ্যৎ চাহিদা নিরূপন; এবং

(iii) বিদ্যমান বিধি-বিধান, প্রযুক্তিগত উন্নয়ন ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নে সীমাবদ্ধতা এবং উত্তরণের উপায়।

(চ) **SWOT বিশ্লেষণ:** প্রকল্প বাস্তবায়নে সকল ইতিবাচক দিক (Strengths), সীমাবদ্ধতা/দুর্বলতা (Weakness), সুযোগ (Opportunities) ও হুমকি (Threats) চিহ্নিত করে তা বিশ্লেষণ করতে হবে।

অনুচ্ছেদ ৪: কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিষয়াদি বিশ্লেষণ

নিম্নবর্ণিত বিষয়গুলোর সাথে প্রস্তাবিত প্রকল্পের সংশ্লিষ্টতা বিশ্লেষণ করে সংক্ষিপ্তভাবে উপস্থাপন করতে হবে:

(ক) **অবস্থান:** প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতাসহ ভৌগলিক চিত্রে (মানচিত্রে চিহ্নিত করে এবং সম্ভাব্য ক্ষেত্রে ভূ-স্থানাঙ্ক চিহ্নিত করে) প্রকল্প এলাকার বর্ণনা। প্রকল্পের জন্য জমি প্রাপ্তি একটি গুরুত্বপূর্ণ বিষয়; প্রস্তাবিত প্রকল্পের জন্য চিহ্নিত জমির মালিকানা কিংবা প্রকল্পের জন্য ব্যবহার সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে। চিহ্নিত জমি বাস্তবায়নকারী কর্তৃপক্ষের মালিকানাধীন কিনা কিংবা ব্যক্তি/অন্য কোন সংস্থার মালিকানাধীন জমি অধিগ্রহণ/অধিযাচন (Acquisition/Requisition) প্রয়োজন হবে কিনা এবং কোন ইউলিটি স্থানান্তরের প্রয়োজন হবে কিনা এ সংক্রান্ত বিষয়াদি বিস্তারিতভাবে বিশ্লেষণপূর্বক উপযুক্ত প্রমাণকসহ উপস্থাপন করতে হবে। এছাড়া, মানচিত্রে প্রকল্পের সাইটসহ প্রস্তাবিত স্থানে দুর্যোগ ঝুঁকির সমস্যা (বিদ্যমান ও ভবিষ্যত) চিহ্নিত করতে হবে।

(খ) **কারিগরি নকশা:** প্রকল্পের মূল কর্মকাণ্ড/কার্যক্রমের বর্ণনা, প্রযুক্তি, কারিগরি নকশা এবং বিস্তারিত স্পেসিফিকেশন সম্পর্কিত বিশদ বিবরণ থাকতে হবে। মূল আউটপুটের সূচক, কাজের ভৌত পরিমাণের একক (মিটার, বর্গমিটার, কিলোমিটার, সংখ্যা, জনমাস ইত্যাদি) ও অন্যান্য বিষয় উল্লেখ করতে হবে। দুর্যোগপ্রবণ অঞ্চলের জন্য গৃহীত প্রকল্পের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন, পরিবেশ কিংবা অন্য কোন বিরূপ প্রভাব আছে কিনা তা চিহ্নিত করতে হবে এবং তা মোকাবিলার বিষয় বিবেচনা করে কারিগরি নকশায় সংযুক্ত/প্রতিফলন করতে হবে।

(গ) **আউটপুট পরিকল্পনা:** আউটপুট এবং প্রত্যাশিত ব্যবহার সংক্রান্ত বিবরণ থাকতে হবে। এক্ষেত্রে প্রকল্পের আউটপুট হিসেবে প্রক্ষেপিত সেবা/পরিষেবার বর্ণনা থাকতে হবে।

(ঘ) **ব্যয় প্রাক্কলন:** প্রকল্পের জন্য নকশা প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন এবং প্রকল্প বাস্তবায়ন-উত্তর পরিচালনা ইত্যাদি পর্যায়ে আর্থিক সংশ্লিষ্টতা বিবেচনায় নিয়ে প্রমাণকের (ব্যয় প্রাক্কলনের ভিত্তি) আলোকে স্তরভিত্তিক (বাস্তবায়নপূর্ব, বাস্তবায়নকালীন ও বাস্তবায়ন-উত্তর) ব্যয় প্রাক্কলন করতে হবে।

(ঙ) **প্রকল্প বাস্তবায়নের সময় নির্ধারণ:** ভৌত কাজের পরিমাণ, প্রকল্প বাস্তবায়নে সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বরাদ্দ প্রবাহ (এমটিবিএফ সিলিং/প্রক্ষেপণ ও অন্যান্য), প্রকল্পের অগ্রাধিকার ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করে প্রকল্প বাস্তবায়নের জন্য বাস্তবসম্মতভাবে একটি সময়সীমা নিরূপন করতে হবে। প্রস্তাবিত ভৌত কাজের সম্ভাব্য কর্মপরিকল্পনা (যেমন: গ্যান্ট চার্ট) সংযুক্ত করা যেতে পারে।